দৈনিক বাংলা

তারিখ ১।১।৮১

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

০২৫

৬২৮

### বিভিন্ন মহলে বিভ্রান্তি

# আজ থেকে ডাকঘরের মাধ্যমে পাঠ্য বই বিক্রি

(স্টাফ রিপোর্টার)

আজ বৃহস্পতিবার ১লা জানুয়ারী হতে বাংলাদেশ টেক্সটবুক বোর্ড কর্তৃক প্রকাশিত প্রাথমিক ও মাধ্যমিক শ্রেণীর পাঠ্যবই দেশের বিভিন্ন ডাক ঘরের মাধ্যমে ছাত্রছাত্রীদের কাছে বিক্রয় করা হবে। বাংলাদেশ ডাক বিভাগের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ খবর জানান হয়েছে।

উক্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, ছাত্রছাত্রীদের নামের তালিকা এবং পরিচয় পত্রের ভিত্তিতে ডাকঘর হতে বই বিক্রয় করা হবে। এব্যাপারে বিশদ বিবরণী সকল স্কুলকে জানিয়ে দেয়া হয়েছে। যে সকল প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রী এখন পর্যন্ত ছাত্রছাত্রীদের নামের তালিকা এবং পরিচয় পত্র সংশ্লিষ্ট পোস্ট অফিসে প্রেরণ করেন নি তাদেরকে অবিলম্বে তা সরবরাহ করতে অনুরোধ করা হয়েছে। প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রীগণকে তাদের ছাত্র-ছাত্রীদের পরিচয় পত্র দেখিয়ে নির্ধারিত ডাকঘর হতে বই সংগ্রহ করতে অনুরোধ জানান হয়েছে।

এদিকে ডাকঘর হতে বই সংগ্রহ করার ব্যাপারে রাজধানীর বহু বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রীগণ অনেকটা অনীহা প্রকাশ করছেন। তারা তাদের বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের

(৩-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## পাঠ্য বই বিক্রি

(১ম পৃঃ পর)

নামের তালিকা সংশ্লিষ্ট ডাকঘরে প্রেরণ করেন নি. অনেক বিদ্যালয়েই ছাত্রছাত্রীদের পরিচয় পত্রের কোন ব্যবস্থা নেই। তারা ছাত্রছাত্রীদের বলে দিয়েছেন যে নিকটস্থ যে কোন ডাকঘর হতে প্রোগ্রেস রিপোর্ট দেখালেই বই পাওয়া যাবে। কিন্তু ডাকঘর কর্তৃপক্ষ এভাবে বই বিক্রি করতে রাজী নন। ফলে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। স্কুল কর্তৃপক্ষ ও ডাকঘরের মধ্যে এব্যাপারে কোন সমঝোতা নেই এবং ছাত্রছাত্রীদের বই সংগ্রহ করার ব্যাপারে অনেক স্কুল কর্তৃপক্ষের তেমন কোন উৎসাহও লক্ষ্য করা যাচ্ছে না বলে অভিযোগ পাওয়া গেছে। — [illegible]